

জারির নম্বর: ০২

তারিখ: ০৪/০২/২০২৬ খ্রি।

“নোটিশ”

- প্রাপক: ১. উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা এর নোটিশ বোর্ড।
২. সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুনা এর নোটিশ বোর্ড।
৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তালতলী এর নোটিশ বোর্ড।
৪. চেয়ারম্যান, বড়বগী ইউনিয়ন পরিষদ এর নোটিশ বোর্ড।
৫. স্থানীয় মৌজা: বেথীপাড়া, তালতলী, বরগুনা।

যেহেতু: নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি, বরগুনা জেলাধীন তালতলী উপজেলার ৩৯নং বেথীপাড়া মৌজায় “তালতলী উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ” নির্মাণ এর জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু; এক্ষণে স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইলো যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে, প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিষুকে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৫/০২/২০২৬ তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।


প্রস্তাবিত জমির তফসিল


জেলা:বরগুনা		উপজেলা:তালতলী		মৌজা: বেথীপাড়া		জে. এল নং-৩৯	
ক্র.নং	স্থিতীয়ান নং (এস.এ)	দাগ নং (এস.এ)	জমির শ্রেণি	দাগের মোট জমির পরিমাণ (একর)	দাগে প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক	মোট জমির পরিমাণ
০১	৬৬,৬৭,৬৮,১৫৭, ২২৬	৩১৪১	নাল	১২.২০	২.০৫	আংশিক	৩.০০ (তিন একর)
০২	৬৮	৩১৪২	নাল	১০.০৮	০.৯৫	আংশিক	
মোট প্রস্তাবিত জমির পরিমাণ=৩.০০ (তিন দশমিক শূন্য শূন্য) একর।					৩.০০ একর		

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:

- উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ডিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।
- অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.barguna.gov.bd ভিজিট করুন।


(মোঃ আফসানুল হক বুবেল)
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা, বরগুনা।


০৪.০২.২০১৬
(মোঃ খালিদ সাইফুল্লাহ)
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
বরগুনা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. জেলা প্রশাসক, বরগুনা।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরগুনা।
৩. সহকারী প্রোগ্রামার, বরগুনা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৪. অফিস কপি।